

PRINT

সমকাল

যশোরে আদ্-দ্বীন সকিনা মেডিকেল কলেজ হাসপাতালে মাসব্যাপী বিনামূল্যে সেবা

প্রকাশ: ১২ মার্চ ২৩ | ০৩:৩০ | আপডেট: ১২ মার্চ ২৩ | ০৩:৩০

অনলাইন ডেস্ক



‘সবার সাধের মধ্যে মানসম্মত সেবার’ ব্রত নিয়ে যশোরের পুলেরহাটে প্রতিষ্ঠিত হলো অত্যাধুনিক আদ্-দ্বীন সকিনা মেডিকেল কলেজ হাসপাতাল। শনিবার আনুষ্ঠানিকভাবে হাসপাতালটির যাত্রা শুরু হয়। হাসপাতালের উদ্বোধন উপলক্ষে ১১ মার্চ থেকে ২০ এপ্রিল পর্যন্ত বিভিন্ন বিভাগে বিনামূল্যে সেবা কার্যক্রম পরিচালিত হবে।

উদ্বোধনী অনুষ্ঠানে আদ্-দ্বীন ওয়েলফেয়ার সেন্টারের চেয়ারম্যান অধ্যাপক ডা. মুহাম্মদ আব্দুস সবুরের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ডা. শারফুদ্দিন আহমেদ। এ সময় উপস্থিত ছিলেন আদ্-দ্বীন ফাউন্ডেশনের নির্বাহী পরিচালক ডা. শেখ মহিউদ্দিন।

আমিরুল মোমেনিন মানিকের সঞ্চালনায় অনুষ্ঠানে বক্তব্য প্রদান করেন আনোয়ার খান মর্ডান মেডিকেল কলেজের চেয়ারম্যান আনোয়ার হোসেন খান, বাংলাদেশ প্রাইভেট মেডিকেল কলেজ অ্যাসোসিয়েশনের সভাপতি মুবিন খান, যশোর পৌরসভার মেয়র বীর মুক্তিযোদ্ধা হায়দার গনি খান পলাশ, বাংলাদেশ মেডিকেল এসোসিয়েশন যশোরের সভাপতি ডা. একে কামরুল ইসলাম বেনু, আদ্-দ্বীন ফার্মাসিউটিক্যালস এর ব্যবস্থাপনা পরিচালক অধ্যাপক জামালুন্নেসা প্রমুখ।

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য বলেন, মানুষ ও মানবতার সেবায় আদ্-দ্বীন অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। মহিলাদের কর্মসংস্থান সৃষ্টি করে মানুষের দোরগোড়ায় স্বাস্থ্যসেবা পৌঁছে দিতে আদ্-দ্বীন রোল মডেল হিসেবে কাজ করে যাচ্ছে। আদ্-দ্বীন একদিকে স্বল্পমূল্যে স্বাস্থ্যসেবার পাশাপাশি বিশেষজ্ঞ ডাক্তার তৈরিতে কাজ করছে। রোগীদের দ্রুত সেবা নিশ্চিত করতে এম্বুলেন্সের পাশাপাশি এয়ার এম্বুলেন্সের ব্যবস্থা করেছে। আদ্-দ্বীনের কর্মতৎপরতা যথেষ্ট প্রশংসনীয় ভূমিকা পালন করছে।

এদিকে হাসপাতালটির উদ্বোধন উপলক্ষে ১১ মার্চ থেকে ২০ এপ্রিল পর্যন্ত বহির্বিভাগে বিনামূল্যে চিকিৎসাসেবা প্রদান করা হবে। এছাড়া মাসব্যাপী বিনামূল্যে রোগীদের বিভিন্ন ধরনের অপারেশন করা হবে। অপারেশনের জন্য ১১ মার্চ থেকে ১৫ এপ্রিল পর্যন্ত রোগী বাছাই করা হবে। বাছাইকৃত রোগীদের ২০ এপ্রিল পর্যন্ত অপারেশন করা হবে। গর্ভবতী মায়েদের জন্য বিনামূল্যে আল্ট্রাসোনোগ্রাফি সেবা প্রদান করা হবে। যশোর শহরের মধ্যে মাত্র ৩০০ টাকায় অ্যাম্বুলেন্স সেবা পাওয়া যাবে।

আদ্-দ্বীন সকিনা মেডিকেল কলেজ হাসপাতালে করোনারি কেয়ার ইউনিট (সিসিইউ), কিডনি ডায়ালাইসিস ইউনিট, ইনটেনসিভ কেয়ার ইউনিট (আইসিইউ), হাই ডিপেন্ডেন্সি ইউনিট (এইচডিইউ), নিওনেটাল ইনটেনসিভ কেয়ার ইউনিটসহ (এনআইসিইউ) বিভিন্ন ধরনের অত্যাধুনিক চিকিৎসা সেবার ব্যবস্থা রয়েছে।

হাসপাতালটি নির্মাণে জাপান, জার্মান, তুর্কি, চায়না ও ভারতসহ বিভিন্ন দেশ থেকে অত্যাধুনিক মেডিকেল সরঞ্জাম আমদানি করা হয়েছে। জরুরি বিভাগে ২৪ ঘণ্টা সব ধরনের রোগীদের চিকিৎসা সেবা প্রদান করা হবে।

© সমকাল ২০০৫ - ২০২৩

সম্পাদক : মোজাম্মেল হোসেন । প্রকাশক : আবুল কালাম আজাদ

টাইমস মিডিয়া ভবন (৫ম তলা) | ৩৮৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ । ফোন : ৫৫০২৯৮৩২-৩৮ | বিজ্ঞাপন :
+৮৮০১৭১৪০৮০৩৭৮ | ই-মেইল: samakalad@gmail.com